কালের কণ্ঠ

তারিখ 27 JAN 2017
পৃষ্ঠা ৩-৫ কলাম ৫

খুলনা বিশ্ববিদ্যালয়

# দ্বিতীয় মেয়াদে উপাচার্য হলেন ফায়েক উজ্জামান

**খুলনা অফিস ▷**

খুলনা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে দ্বিতীয় মেয়াদে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান। খুলনা বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯০-এর ১১(১) ধারা অনুযায়ী রাষ্ট্রপতি ও চ্যান্সেলর তাঁকে এ নিয়োগ দিয়েছেন। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়।

ফায়েক উজ্জামান রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে কর্মরত রয়েছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ের সহকারী সচিব (স. বি. ১) আবদুস সাত্তার মিয়া স্বাক্ষরিত ওই প্রজ্ঞাপনে খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ চার বছর হবে বলে উল্লেখ করা হয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে ফায়েক উজ্জামানই প্রথম টানা দুই মেয়াদে উপাচার্য নিযুক্ত হলেন।

এর আগে ফায়েক উজ্জামান ২০১৩ সালের ১০ জানুয়ারি থেকে চলতি বছরের ৯ জানুয়ারি পর্যন্ত এ বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের দায়িত্ব পালন করেন। আর ২০১০ সালের ২৮ নভেম্বর থেকে তিন বছরেরও বেশি সময় ধরে তিনি ছিলেন উপ-উপাচার্যের দায়িত্বে।